বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫২২

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

## খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত বিজ্ঞপ্তি
**(বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২; তারিখ: ০৩ জুন ২০২৬ এর পরিশিষ্ট -'খ')**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনঃনির্ধারণ করে ০৩ জুন ২০২৬ তারিখে কমিশন কর্তৃক জারিকৃত আদেশ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি , ওয়েস্ট জোন পাওয়ার পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড এর খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হলো, যা কমিশনের আদেশ মোতাবেক স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫২১; তারিখ: ০৩ জুন ২০২৬ এর মাধ্যমে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে:

১. **বিলম্ব-পরিশোধ মাশুল:**

(ক) সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% (পাঁচ শতাংশ) হারে এককালিন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে এবং বিলম্ব-পরিশোধ মাশুলের ওপর পুনরায় কোনো মাশুল প্রযোজ্য হবে না।

(খ) ২২ ডিসেম্বর ২০১১ তারিখে জারিকৃত বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশন আদেশ কার্যকরের পূর্ববর্তী সময়ের অনিষ্পন্ন বকেয়ার ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে এককালিন বিলম্ব-পরিশোধ মাশুল বিবেচনা করে বকেয়া পরিশোধের বিষয়টি নিষ্পত্তি করা যাবে।

২. **মূল্য সংযোজন কর:**

বিদ্যুৎ বিলের ওপর সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে।

৩. **পাওয়ার ফ্যাক্টর সারচার্জ:**

(ক) অনুমোদিত লোড ২০ কিলোওয়াট (কি.ও.) এর উর্ধ্বের সকল নিম্নচাপ (এলটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্ধ্বে রাখতে হবে।

(খ) সকল মধ্যমচাপ (এমটি), উচ্চচাপ (এইচটি) এবং অতি উচ্চচাপ (ইএইচটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্ধ্বে রাখতে হবে।

(গ) অনুচ্ছেদ ৩ (ক) এবং ৩(খ) এ বর্ণিত গ্রাহকের ক্ষেত্রে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯৫ এর কম রেকর্ড হলে নিম্নবর্ণিত হারে সারচার্জ প্রযোজ্য হবে:

সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯৫ এর অব্যবহিত নিম্ন থেকে মাসিক গড় পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কম এর জন্য গ্রাহকের বিলের এনার্জি চার্জের ওপর ০.৭৫% (শূন্য দশমিক সাত পাঁচ শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(ঘ) সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৭৫ এর নীচে নেমে গেলে প্রতি বিল মাসে গ্রাহককে লিখিতভাবে অবহিত করতে হবে। পর পর ০৩ (তিন) বিল মাস সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর ০.৭৫ এর নীচে নেমে গেলে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে গ্রাহককে ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

(ঙ) উপরের অনুচ্ছেদ ৩(ঘ) এ উল্লিখিত কারণে বিচ্ছিন্ন হওয়া গ্রাহকের বিদ্যুৎ সংযোগ যথাযথ শুদ্ধকরণ সরঞ্জাম (পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্ল্যান্ট) স্থাপন এবং প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃসংযোগ চার্জ প্রদান সাপেক্ষে পুনর্বহাল করা যাবে।

৪. **নিরাপত্তা জামানত:**

(ক) নতুন সংযোগ এবং অনুমোদিত লোড পরিবর্তনের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে:

| গ্রাহকশ্রেণি | | জামানতের হার (টাকা/কি.ও.) |
|---|---|---|
| ১ | এলটি–এ এবং এলটি–বি | ৪৮০.০০ (০২ কি.ও. পর্যন্ত) |
| | | ৭২০.০০ (০২ কি.ও. এর উর্ধ্বে) |
| ২ | এলটি–সি ১, এলটি–সি ২, এলটি–ডি ১, এলটি–ডি ২, এলটি–ডি ৩, এলটি–ই এবং এলটি–টি | ৯৬০.০০ |
| ৩ | এমটি, এইচটি এবং ইএইচটি | ১,২০০.০০ |

(খ) প্রি-পেইড মিটারের মাধ্যমে নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে অথবা বিদ্যমান প্রি-পেইড গ্রাহকদের লোড বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত লোড/অতিরিক্ত অনুমোদিত লোডের বিপরীতে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে না।

(গ) প্রি-পেইড মিটার দ্বারা বিদ্যমান মিটার প্রতিস্থাপন করা হলে গ্রাহকের পূর্বের নিরাপত্তা জামানত বিতরণ সংস্থা/কোম্পানি গ্রাহককে ফেরত প্রদান নিশ্চিত করবে।

(ঘ) অনুচ্ছেদ ৪(ক) এর সারণিতে উল্লিখিত নিরাপত্তা জামানত ব্যতীত অন্য কোনো নিরাপত্তা জামানত আরোপ করা যাবে না।

(ঙ) সকল শিল্প শ্রেণির গ্রাহকের নিকট থেকে প্রযোজ্য নিরাপত্তা জামানতের ২৫ (পঁচিশ) ভাগ নগদে এবং অবশিষ্ট ৭৫ (পঁচাত্তর) ভাগ কোনো তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ৫ (পাঁচ) বছর মেয়াদি গ্রহণযোগ্য ব্যাংক গ্যারান্টি আকারে গ্রহণ করতে হবে, তবে গ্রাহক ইচ্ছা করলে সমুদয় নিরাপত্তা জামানতের অর্থ নগদেও জমা প্রদান করতে পারে। এ বিধান বিল মাস জুন ২০২৬ থেকে সকল শিল্প গ্রাহক কর্তৃক প্রদেয় জামানতের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫. **অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার লোড পরিবর্তন:**

(ক) কোনো গ্রাহকের অনুমোদিত লোড হতে তার মিটারের রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা বেশি হলে অনুমোদিত লোডের অতিরিক্ত লোডের জন্য দ্বিগুণ হারে ডিমান্ড রেট/চার্জ প্রযোজ্য হবে।

(খ) কোনো গ্রাহকের সর্বোচ্চ চাহিদা ক্রমাগতভাবে ০৩ (তিন) মাস অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) অতিক্রম করলে অতিরিক্ত লোড অনুমোদন করিয়ে নেয়ার জন্য গ্রাহককে নোটিশ দিতে হবে। চতুর্থ মাসেও সর্বোচ্চ চাহিদা অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) এর বেশি হলে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হবে।

(গ) কোনো গ্রাহক তার প্রয়োজন অনুসারে লিখিত অনুরোধের মাধ্যমে নিয়মানুযায়ী তার স্থাপনার অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের (বৃদ্ধি বা হ্রাস) জন্য বিতরণ সংস্থা/কোম্পানির নিকট আবেদন করতে পারবে। এরূপ ক্ষেত্রে বিতরণ সংস্থা/কোম্পানি গ্রাহকের আবেদন গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিয়মানুযায়ী গ্রাহকের অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে।

(ঘ) কোনো গ্রাহকের বিদ্যমান অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন করা যাবে না।

৬. **গ্রাহকের অনুরোধে সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এবং কৃষিভিত্তিক মৌসুমি ক্ষুদ্র শিল্প গ্রাহকের বিলিং পদ্ধতি এবং সংযোগ বিচ্ছিন্নকরণ:**

(ক) এলটি–বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) শ্রেণির গ্রাহক সেচ মৌসুমের পর এবং এলটি–সি ১ (ক্ষুদ্র শিল্প) শ্রেণির অন্তর্ভুক্ত কৃষিভিত্তিক মৌসুমি ক্ষুদ্র শিল্প গ্রাহক মৌসুমের পর কিংবা অন্য কোনো কারণে (গ্রাহকের ইচ্ছানুযায়ী) প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ পরিশোধ সাপেক্ষে সংযোগ বিচ্ছিন্ন রাখতে পারবে।

(খ) উপরের অনুচ্ছেদ ৬(ক) এ বর্ণিত গ্রাহকের পুনরায় সংযোগ গ্রহণের ক্ষেত্রে পুনঃসংযোগ চার্জ প্রযোজ্য হবে। তবে সংযোগ বিচ্ছিন্নকালীন সময়ে ডিমান্ড চার্জ বা অন্য কোনো চার্জ প্রযোজ্য হবে না।

৭. **ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন গ্রাহকের বিলিং:**

এলটি–বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প), এলটি–ডি ১ (শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল) এবং এমটি–৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহক আঙ্গিনা ব্যতীত অন্যান্য স্থাপনায় ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং করা হলে ব্যবহৃত বিদ্যুৎ উক্ত সংশ্লিষ্ট স্থাপনার শ্রেণিতে ব্যবহৃত হয়েছে মর্মে গণ্য হবে। কোনো আবাসিক গ্রাহকের সংযোগ থেকে বাণিজ্যিক ভিত্তিতে ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং করা যাবে না।

৮. **মিটার ভাড়া:**

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির অর্থে স্থাপিত মিটারের ক্ষেত্রে মিটার ভাড়া সংক্রান্ত প্রচলিত নিয়ম অব্যাহত থাকবে।

(খ) নতুন সংযোগের ক্ষেত্রে যেসকল গ্রাহক বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির মিটার ও মিটার স্থাপনের যাবতীয় খরচ এককালীন বহন করতে আগ্রহী অথবা যেসকল গ্রাহক নিজে মানসম্মত মিটার ক্রয় করে বিদ্যুৎ ব্যবহার করবে তাদের নিকট হতে মিটার ভাড়া নেয়া যাবে না।

৯. **প্রি-পেইড মিটার:**

(ক) প্রি-পেইড মিটার গ্রাহকগণ বিদ্যমান নিয়মানুসারে মূল্য সংযোজন কর ব্যতীত নিট বিলের ওপর ০.৫০% (শুন্য দশমিক পাঁচ শতাংশ) হারে রিবেট প্রাপ্ত হবেন।

(খ) ইমার্জেন্সি ব্যালান্সের ক্ষেত্রে সুদ প্রযোজ্য হবে না।

(গ) কোনো কারণে প্রি-পেইড মিটার লক হয়ে গেলে, গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি মিটার আনলকের ব্যবস্থা নিবে। কারিগরি ত্রুটির কারণে প্রি-পেইড মিটার লক হলে, কোনো চার্জ/ফি প্রযোজ্য হবে না।

(ঘ) সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ভেন্ডিং/রিচার্জ স্টেশন বা ব্যাংক থেকে গ্রাহক কোনো চার্জ/ফি প্রদান ব্যতিরেকে প্রি-পেইড মিটারে ভেন্ডিং/রিচার্জ করবে।

(ঙ) গ্রাহক কর্তৃক বিল প্রদান সহজতর করার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি পর্যাপ্ত সংখ্যক ভেন্ডিং/রিচার্জ স্টেশন এবং ব্যাংক ও ব্যাংক শাখার মাধ্যমে প্রি-পেইড মিটারে ভেন্ডিং/রিচার্জ করার কার্যকর ব্যবস্থা নিবে।

(চ) প্রি-পেইড মিটার বিষয়ে গ্রাহকদের সঠিক ধারণার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি তথ্য সমৃদ্ধ (যেমন-প্রি-পেইড মিটার সম্পর্কিত প্রাথমিক ধারণা, বিলিং পদ্ধতি, ভেন্ডিং/রিচার্জ সংক্রান্ত নিয়ম-কানুন ইত্যাদি) একটি সহায়ক নির্দেশিকা (Instruction Manual) বিদ্যমান ও নতুন প্রি-পেইড মিটার গ্রাহককে প্রদান করবে।

১০. **প্রযোজ্যতা:**

(ক) **এলটি – সি ২: নির্মাণ**

(১) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এলটি – সি ২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ গ্রাহকশ্রেণিতে রূপান্তর করা হবে।

(খ) **এলটি – ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতালের বিদ্যুৎ ব্যবহার এলটি – ডি ১ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(গ) **এলটি – ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল রাস্তার বাতি এবং খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত সকল পানির পাম্প/নলকূপ, গ্রামীণ এলাকায় আর্সেনিক মুক্ত পানি সরবরাহের জন্য জনস্বার্থে স্থাপিত সকল খাবার পানির পাম্প এবং জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প এলটি – ডি ২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঘ) **এলটি – ডি ৩: ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এলটি – ডি ৩ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে। ব্যাটারি সোয়াপিং স্টেশনসমূহ এ গ্রাহকশ্রেণির আওতাভুক্ত হবে।

(ঙ) **এলটি – ই: বাণিজ্যিক**

(১) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এলটি – ই গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(চ) **এলটি – টি: অস্থায়ী**

(১) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এলটি – টি গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) সাধারণভাবে সর্বোচ্চ ০৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এলটি – টি গ্রাহকশ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

(ছ) **এমটি – ১: আবাসিক**

(১) ৮০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনা এবং সমিতি পরিচালিত বহুতল সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনার সম্পূর্ণ আবাসিক বিদ্যুৎ ব্যবহার এমটি – ১ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) সাধারণভাবে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে এমটি – ১ গ্রাহকশ্রেণির মিটারিং/বিলিং হবে। তবে একক মিটারভিত্তিক ব্যবস্থাও বহাল থাকবে। উভয় ক্ষেত্রেই ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকবে এবং সেখানে সমুদয় এনার্জি রেকর্ড হবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তার নিজের উপকেন্দ্র স্থাপন করবেন।

(৩) মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে মিটারিং/বিলিং এর ক্ষেত্রে প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকবে এবং এলটি – এ (আবাসিক) গ্রাহকশ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটারসমূহের বিল করা হবে।

(৪) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হতে আবাসিক সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে প্রাপ্ত অবশিষ্ট ইউনিট কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হবে এবং এমটি – ১ (আবাসিক) গ্রাহকশ্রেণির মূল্যহার, শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা

জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী কমন সার্ভিস ব্যবহারের বিল করা হবে। কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে।

(৫) গ্রাহকের অনুরোধে একক মিটারভিত্তিক বিলিং ব্যবস্থা মেইন মিটার সাব-মিটারভিত্তিক মিটারিং/বিলিং ব্যবস্থায় রূপান্তর করা যাবে।

(জ) **এমটি—২: বাণিজ্যিক**

(১) ৮০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এমটি—২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকবে এবং তথায় সমুদয় এনার্জি রেকর্ড হবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তার নিজের উপকেন্দ্র স্থাপন করবে।

(৩) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনা ব্যতীত অন্য সকল গ্রাহকের ক্ষেত্রে একক পয়েন্ট মিটারিং ব্যবস্থায় বিল করা হবে।

(৪) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার ক্ষেত্রে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে বিলিং হবে। প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকবে এবং এলটি—এ (আবাসিক) গ্রাহকশ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটারসমূহের বিল করা হবে।

(৫) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হতে আবাসিক সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে অবশিষ্ট ইউনিট বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসেবে গণ্য হবে এবং এক্ষেত্রে এমটি—২ (বাণিজ্যিক ও অফিস) গ্রাহকশ্রেণির মূল্যহার, শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী বিল করা হবে। বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে।

(৬) যে সকল বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনায় বর্তমানে একক মিটারিং ব্যবস্থা প্রচলিত রয়েছে, সেগুলোর ক্ষেত্রে গ্রাহক ইচ্ছা পোষণ করলে স্বীয় ব্যয়ে মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তর করতে পারবেন।

(৭) একক মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তরের পূর্ব পর্যন্ত একক মিটারভিত্তিক বিলিং ব্যবস্থা বহাল থাকবে।

**(ঝ) এমটি-৪: নির্মাণ**

(১) ৮০ কিলোওয়াটের অব্যবহিত ঊর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এমটি—৪ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ গ্রাহকশ্রেণিতে রূপান্তর করা হবে।

**(ঞ) এমটি-৫: সাধারণ**

এমটি—১ (আবাসিক), এমটি—২ (বাণিজ্যিক ও অফিস), এমটি—৩ (শিল্প), এমটি—৪ (নির্মাণ), এমটি—৬ (অস্থায়ী), এমটি—৭ (ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন) এবং এমটি—৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত গ্রাহক ব্যতীত ৮০ কিলোওয়াটের অব্যবহিত ঊর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটারভিত্তিক অন্যান্য মধ্যমচাপ গ্রাহক যেমন: সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল; ক্যান্টনমেন্ট; পাবলিক লাইব্রেরি; যাদুঘর; খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত পানির পাম্প; জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প; রেলওয়ে; মেট্রোরেল; বিমানবন্দর; ইত্যাদি এমটি—৫ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

**(ট) এমটি—৬: অস্থায়ী**

(১) ৮০ কিলোওয়াটের অব্যবহিত ঊর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এমটি—৬ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) সাধারণভাবে সর্বোচ্চ ০৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এমটি—৬ গ্রাহকশ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

**(ঠ) এমটি—৭: ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন**

৮০ কিলোওয়াটের অব্যবহিত ঊর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত মধ্যমচাপে অনুমোদিত লোডের ইলেক্ট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এমটি—৭ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

**(ড) এমটি—৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প**

৮০ কিলোওয়াটের অব্যবহিত ঊর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এমটি—৮ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঢ) **এইচটি—১: সাধারণ**

এইচটি—২ (বাণিজ্যিক ও অফিস), এইচটি—৩ (শিল্প) এবং এইচটি—৪ (নির্মাণ) গ্রাহকশ্রেণির আওতাধীন বাণিজ্যিক ও অফিস, শিল্প এবং নির্মাণ স্থাপনা/গ্রাহক ব্যতীত ০৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটারভিত্তিক অন্যান্য সকল গ্রাহক এইচটি—১ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ণ) **এইচটি—২: বাণিজ্যিক ও অফিস**

০৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এইচটি—২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ত) **এইচটি-৪: নির্মাণ**

(১) ০৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এইচটি—৪ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ গ্রাহকশ্রেণিতে রূপান্তর করা হবে।

১১. **প্রযোজ্যতা অনুযায়ী নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসাবে রূপান্তর:**

(ক) নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কিলোওয়াট অনুমোদিত লোড পর্যন্ত এলটি গ্রাহক হিসেবে বিবেচিত হবে। প্রয়োজন অনুসারে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের নতুন গ্রাহক, এলটি অথবা এমটি গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হতে পারবে। তবে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাদের বর্তমান গ্রাহকশ্রেণি (অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কিলোওয়াট পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকবে।

(খ) যেসকল গ্রাহককে পরিশিষ্ট-'ক' এর খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এবং উপরের অনুচ্ছেদ-১০ ও ১১(ক) অনুযায়ী নির্ধারিত গ্রাহকশ্রেণি ব্যতীত ভিন্ন কোনো গ্রাহকশ্রেণিতে বিল করা হচ্ছে সে সকল গ্রাহক বিল মাস জুন ২০২৬ থেকে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসেবে রূপান্তর হয়েছে বলে গণ্য হবে এবং এজন্য কোনো চার্জ/ফি প্রযোজ্য হবে না।

১২. **বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবা এবং বিবিধ চার্জ/ফি:**

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মিটার পর্যন্ত বাউন্ডারি পয়েন্ট বিবেচনায় বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবা এবং বিবিধ চার্জ/ফি নিম্নোক্ত হারে নির্ধারণ করা হলো:

| বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | | গ্রাহকশ্রেণি/প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| (১) | নতুন সংযোগ এবং লোড পরিবর্তনের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য) | এলটি | (i) এক ফেজ | ১২০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৩৬০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,২০০.০০ |
| | | ইএইচটি | | ২,৪০০.০০ |
| (২) | অস্থায়ী সংযোগের আবেদন ফি | এলটি | (i) এক ফেজ | ৩০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৬০০.০০ |
| | | এমটি | | ১,২০০.০০ |
| (৩) | (অ) বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ | এলটি | (i) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৯৬০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬,০০০.০০ |
| | | ইএইচটি | | ১২,০০০.০০ |
| | (আ) বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | (i) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৯৬০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬,০০০.০০ |
| | | ইএইচটি | | ১২,০০০.০০ |
| (৪) | (অ) গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ | এলটি | (i) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৪৮০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,২০০.০০ |
| | | ইএইচটি | | ২,৪০০.০০ |
| | (আ) গ্রাহকের অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | (i) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৪৮০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,২০০.০০ |
| | | ইএইচটি | | ২,৪০০.০০ |

| বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | | গ্রাহকশ্রেণি/প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| (৫) | গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ | এলটি | (i) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৪৮০.০০ |
| | | | (iii) এলটিসিটি | ৭২০.০০ |
| | | এমটি ও এইচটি | | ২,৪০০.০০ |
| | | ইএইচটি | | ৪,৮০০.০০ |
| (৬) | গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ | এলটি | (i) এক ফেজ | ১৮০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৩৬০.০০ |
| | | | (iii) এলটিসিটি | ৬০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,২০০.০০ |
| | | ইএইচটি | | ২,৪০০.০০ |
| (৭) | গ্রাহকের অনুরোধে মিটার/মিটারিং ইউনিট স্থাপন/পরিবর্তন/স্থানান্তর ফি | এলটি | (i) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৮৪০.০০ |
| | | | (iii) এলটিসিটি | ২,৪০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬,০০০.০০ |
| | | ইএইচটি | | ১২,০০০.০০ |
| (৮) | গ্রাহকের অনুরোধে পোল/বিদ্যুৎ লাইন স্থানান্তরের আবেদন ফি | এলটি | (i) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৮৪০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬,০০০.০০ |
| | | ইএইচটি | | ১২,০০০.০০ |
| (৯) | গ্রাহকের অনুরোধে সার্ভিস ড্রপ ক্যাবল (সার্ভিস ক্রিমপিট/ক্ল্যাম্পসহ) মেরামত/পরিবর্তন/স্থানান্তর ফি | এলটি | (i) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৬০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,৫০০.০০ |
| | | ইএইচটি | | ৩,০০০.০০ |
| (১০) | গ্রাহকের অনুরোধে সরবরাহ চুক্তি সংশোধন ফি | এলটি | (i) এক ফেজ | ১২০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৩৬০.০০ |
| | | এমটি, এইচটি ও ইএইচটি | | ১,২০০.০০ |

| বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | | গ্রাহকশ্রেণি/প্রযোজ্যতা | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|
| (১১) | গ্রাহকের অনুরোধে প্রি-পেইড মিটার কার্ড রি-ইস্যু ফি | এলটি, এমটি, এইচটি ও ইএইচটি | ২৪০.০০ |
| (১২) | গ্রাহকের অনুরোধে ট্রান্সফরমারের তেল (Transformer Oil) পরীক্ষা চার্জ | এমটি, এইচটি ও ইএইচটি | ১,২০০.০০ |
| (১৩) | গ্রাহকের অনুরোধে জরুরী প্রয়োজনে ড্রপআউট ফিউজ কাট-আউটসহ ট্রান্সফরমার ভাড়া | ৩০ দিন পর্যন্ত | ২.৫০ কেভিএ/দিন |
| | | ৩০ দিন পর থেকে বিশেষ বিবেচনায় সর্বোচ্চ ৯০ দিন | ৫.০০ কেভিএ/দিন |

(খ) উপরের অনুচ্ছেদ ১২(ক) এর সারণিতে উল্লিখিত ফি/চার্জ ব্যতীত অন্য কোনো ফি/চার্জ আরোপ করা যাবে না।

(গ) উপরের অনুচ্ছেদ ১২(ক) এর ক্রমিক (৩) এবং (৪) ব্যতীত অন্য কোনো বিবিধ সেবা প্রদানের ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্নকরণ বা পুনঃসংযোগ চার্জ আরোপ করা যাবে না।

(ঘ) বহুতল আবাসিক বা বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার আবাসিক গ্রাহক তার আবাসিক সাব-মিটার এবং বহুতল ভবন/স্থাপনার ফ্ল্যাট মালিক সমিতি উক্ত ভবন/স্থাপনার আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষার জন্য নির্ধারিত ফিসহ বিতরণ সংস্থা/কোম্পানির নিকট আবেদন করলে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানি উক্ত আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষা করবে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) উপরের অনুচ্ছেদ ১২(ক) এর সারণিতে উল্লিখিত বিবিধ ফি/চার্জের ওপর সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে।

১৩. **ব্যাখ্যা:**

খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত কোনো বিধানের ব্যাখ্যা অথবা কোনো গ্রাহকের গ্রাহকশ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হলে, কমিশনে প্রেরণ করতে হবে এবং এ সংক্রান্ত কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. খুচরা বিদ্যুৎ মূল্যহার বিষয়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ১২ জানুয়ারি ২০২৩ তারিখের এস.আর.ও. নম্বর ০৯ আইন/২০২৩, ৩০ জানুয়ারি ২০২৩ তারিখের এস.আর.ও. নম্বর ২৪-আইন/২০২৩, ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের এস.আর.ও. নম্বর ৫২-আইন/২০২৩ এবং ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের

এস.আর.ও. নম্বর ৪৩ আইন/২০২৪ এর মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপনসমূহের অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকলে তা স্ব-স্ব প্রজ্ঞাপন অনুযায়ী নিষ্পত্তি হবে।

১৫. খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি **বিল মাস জুন ২০২৬** হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫